



প্রচারে : উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী

## “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রম-২০২৩

### পটভূমি :

নারী সমাজের মধ্যে বিরাজমান সকল প্রকার বিভ্রান্ত ও আশঙ্কা দূর করে সকল প্রতিবন্ধকতা উপেক্ষা করার শক্তিতে উজ্জীবিত অনুপ্রাণিত করার লক্ষ্যকে সামনে রেখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে এবং রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয় এর সহযোগিতায় প্রতিবছর আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ এবং বেগম রোকেয়া দিবস ( ৯ ডিসেম্বর ) উদযাপন কালে দেশব্যাপি “জয়িতা অন্বেষণে বাংলাদেশ ” শীর্ষক কার্যক্রমের প্রচারাভিযানের উদ্যোগ গ্রহণ করা হয়।

### জয়িতা কি ?

জীবন যুদ্ধে জয়ি নারীর প্রতিকী নাম “ জয়িতা”। সমাজের সকল বাধা বিপত্তি মোকাবেলা করে বিভিন্ন ক্ষেত্রে সফল নারীকে “ জয়িতা” অভিধায় ছষিত করে মহিলা বিষয়ক অধিদপ্তর ৫ ক্যাটাগরিতে ইউনিয়ন/পৌর এলাকার ওয়ার্ড হতে নির্বাচিত জয়িতাদের উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে সম্মাননা প্রদান করা হবে।

### উদ্দেশ্যে:

- ০১। সমাজের বিভিন্ন ক্ষেত্রে জয়িতা চিহ্নিত করে সম্মান, স্বীকৃতি ও অনুপ্রেরণা প্রদান করে অন্যান্য নারীদের মধ্যে আস্থা সৃষ্টি ও জয়িতা হতে অনুপ্রাণিত করা।
- ২। নারীবান্ধব ও জেগুর সমতা ভিত্তিক সমাজ গঠন।
- ৩। নারীর অগ্রযাত্রায় প্রতিবন্ধকতা মোকাবেলা করে জয়িতাদের অগ্রসর হওয়ার পথকে সুগম করা।
- ৪। নারীর অগ্রযাত্রা, সাফল্য, জীবন সংগ্রামকে সামনে তুলে ধরা।
- ৫। আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও বেগম রোকেয়া দিবসের মূল চেতনার সঙ্গে সঙ্গতি রেখে গতানুগতিকতার উর্দে দিবস উদযাপন।

### ৫ ক্যাটাগরি সমূহ:

- ১। অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী।
- ২। শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী।
- ৩। নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী।
- ৪। সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী।
- ৫। সফল জননী নারী।

### শর্তাবলী :

- ১। পৌর এলাকার এবং ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। (নাগরিকত্বের সনদ /জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।)
- ২। পৌর এলাকার প্রার্থীগণ পৌরসভায় এবং ইউনিয়নের বাসিন্দা সংশ্লিষ্ট ইউনিয়নের নির্ধারিত ফরমে আবেদন করবে।
- ৩। পৌরসভা, ইউনিয়ন পরিষদ এবং উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী হতে ফরম সংগ্রহ করতে হবে।
- ৪। ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- ৫। জীবন যুদ্ধের বর্ণনা আলাদা কাগজে সংযুক্ত করতে হবে।
- ৬। বিস্তারিত জানার জন্য [www.dwa.gov.bd](http://www.dwa.gov.bd)